

শান্তি সমাবেশে যেতে ছাত্রলীগকে বাস দিল বিশ্ববিদ্যালয় প্রশাসন

জাবি প্রতিনিধি

২৮ জুলাই ২০২৩ ০৪:৫৩ পিএম | আপডেট: ২৮ জুলাই ২০২৩ ০৫:৫৩
পিএম

12
Shares



ছাত্রলীগকে চারটি ডাবল ডেকার ও একটি সিঙ্গেল ডেকার বাস বরাদ্দ দিয়েছে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের পরিবহন অফিস। ছবি: আমাদের সময়

advertisement..

ঢাকায় আওয়ামী লীগের তিনটি সংগঠনের আয়োজিত শান্তি সমাবেশে যেতে ছাত্রলীগ নেতাকর্মীদের পাঁচটি বাস বরাদ্দ দিয়েছে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জাবি)। সেই বাসে সমাবেশে যোগ দিয়েছেন বিশ্ববিদ্যালয় শাখার পাঁচ শতাধিক নেতাকর্মী।

আজ শুক্রবার দুপুরে বিশ্ববিদ্যালয়ের শহীদ মিনার সংলগ্ন স্থান থেকে বাসগুলো সমাবেশের উদ্দেশে ছেড়ে যায়।

advertisement

জানা যায়, সমাবেশে যোগ দিতে শাখা ছাত্রলীগের সভাপতি আকতারুজ্জামান সোহেল ও সাধারণ সম্পাদক মো. হাবিবুর রহমান লিটনের নেতৃত্বে প্রায় পাঁচ শতাধিক নেতাকর্মী সমাবেশের উদ্দেশ্যে রওনা দেন। দুপুর সাড়ে ১২টায় বিশ্ববিদ্যালয়ের ছবি চত্বর সংলগ্ন সড়ক থেকে সমাবেশের উদ্দেশ্যে যাত্রা করে শাখা ছাত্রলীগের নেতাকর্মীরা। তাদের নির্বিঘ্নে যাতায়াতের জন্য বিশ্ববিদ্যালয়ের লোগো সংবলিত পাঁচটি বাস বরাদ্দ দিয়েছে বিশ্ববিদ্যালয় প্রশাসন।

বিশ্ববিদ্যালয়ের পরিবহন অফিস সূত্রে জানা যায়, গতকাল বৃহস্পতিবার সকালে পরিবহন অফিসে বাস চেয়ে আবেদন করেন শাখা ছাত্রলীগের সাধারণ সম্পাদক মো. হাবিবুর রহমান লিটন। আবেদনের পরিপ্রেক্ষিতে চারটি ডাবল ডেকার ও একটি সিঙ্গেল ডেকার বাস বরাদ্দ দেয় পরিবহন অফিস।

রাজনৈতিক কর্মসূচিতে যাওয়ার উদ্দেশ্যে বাস বরাদ্দ দেওয়া বৈধ কি না—এমন প্রশ্নের জবাবে পরিবহন অফিসের ভারপ্রাপ্ত শিক্ষক ড. মো. আওলাদ হোসেন বলেন, ‘ছাত্রলীগের সাধারণ সম্পাদক বাস বরাদ্দ চেয়ে আবেদন করেন। তার আবেদন ফরমে বিশ্ববিদ্যালয়ের প্রক্টরের সুপারিশ ছিল। প্রক্টরের সুপারিশ থাকলে আমরা বরাদ্দ না দিয়ে পারি না।’

সুপারিশ করার বিষয়ে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর আ স ম ফিরোজ-উল-হাসান বলেন, ‘বিশ্ববিদ্যালয়ের যেকোনো সংগঠন আবেদন করলেই আমি সুপারিশ করি। বাস বরাদ্দ দেওয়ার দায়িত্ব পরিবহন অফিসের। তবে বিশ্ববিদ্যালয়ের বাস নিয়ে রাজনৈতিক কর্মসূচিতে যেতে পারবে কি না—এমন নিয়মের বিষয়ে আমি পরিষ্কার জানি না।’

এ বিষয়ে শাখা ছাত্রলীগের সভাপতি আকতারুজ্জামান সোহেল বলেন, ‘আমরা প্রক্টর অফিস এবং পরিবহন অফিস থেকে অনুমতি নিয়ে পাঁচটি বাস বরাদ্দ পেয়েছি। তবে বিশ্ববিদ্যালয়ের বাস নিয়ে রাজনৈতিক কর্মসূচিতে যাওয়া যাবে কি না—এ বিষয়ে আমার জানা নেই।’

12
Shares